

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৫, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭ ভদ্র ১৪২১/ ১১ সেপ্টেম্বর ২০১৪

স্মারক নম্বর-০৮.০০.০০০০.২২১.১৪.০৪৩.১৪.৬৪৩—তথ্য অধিকার আইন বাস্তবায়নে সহায়তা প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে গঠিত তথ্য অধিকার বিষয়ক ওয়ার্কিং গুপের সভার সিদ্ধান্ত অনুসারে জেলা পর্যায়ে তথ্য অধিকার আইনের বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে সরকার প্রত্যেক জেলায় নিম্নরূপ একটি উপদেষ্টা কমিটি গঠন করিয়াছে:

২। কমিটির গঠন:

- | | |
|--|----------|
| ১. জেলা প্রশাসক | - সভাপতি |
| ২. পুলিশ সুপার | - সদস্য |
| ৩. সিভিল সার্জন | - সদস্য |
| ৪. উপজেলা চেয়ারম্যান (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | - সদস্য |
| ৬. একজন অধ্যক্ষ (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ৭. নির্বাহী প্রকৌশলী (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ৮. জেলা তথ্য কর্মকর্তা | - সদস্য |
| ৯. সভাপতি, জেলা প্রেস ক্লাব | - সদস্য |
| ১০. সভাপতি, জেলা বার অ্যাসোসিয়েশন | - সদস্য |

(১৮৬১১)
মূল্য : টাকা ৪.০০

১১.	সভাপতি, জেলা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ	-	সদস্য
১২.	দুইজন এনজিও প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	-	সদস্য
১৩.	একজন মহিলা প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	-	সদস্য
১৪.	সুশীল সমাজের একজন প্রতিনিধি (সনাক অথবা দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্য, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	-	সদস্য
১৫.	জেলা প্রশাসকের কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	-	সদস্য-সচিব

৩। কমিটির কার্যপরিধি:

- (ক) তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি;
 - (খ) তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
 - (গ) তথ্য অধিকার বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন এবং তথ্য অধিকার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন;
 - (ঘ) জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি/বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয়; এবং
 - (ঙ) তথ্য অধিকার আইন সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান।
- ৪। কমিটি প্রতি মাসে একবার সভায় মিলিত হইবে এবং প্রয়োজনে বিষয়ের সঙ্গে সংশ্লিষ্ট অন্য কোন কর্মকর্তা বা বিশেষজ্ঞকে সভায় আমন্ত্রণ জানাইতে পারিবে।
- ৫। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল এবং তাহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মো. নজরুল ইসলাম
ভারপ্রাপ্ত সচিব (সমন্বয় ও সংস্কার)